157

দৈনিক সংবাদ

তারিখ 23 JUN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'টি ভবনের ছাদ ধসে ১ জন নিহত, আহত ৫

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা) গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'টি ভবনের ছাদ ধসে একজন নিহত ও পাঁচজন আহত হয়েছে।

গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ভবনের ৩০২ নং কক্ষের ছাদ হঠাৎ করে ভেঙে পড়ে। বড়রকমের কোন দুর্ঘটনা না ঘটলেও তিনতলার ঐ কক্ষে ঐ সময় অবস্থানরত একজন ছাত্রসহ দু'জন কর্মচারি আহত হয়েছেন।

গতকাল দুপুর দেড়টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিববাড়ির ছাদ ভেঙে পড়লে ঘটনাস্থলেই একজন শ্রমিক নিহত ও দু'জন শ্রমিক আহত হয়।

বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারিদের এককালের আবাসস্থল, শহীদ মিনারের উত্তর-পূর্ব কোণে অবস্থিত শিববাড়িটি কয়েক বছর যাবৎ বসবাসের অযোগ্য হওয়ায় পরিত্যক্ত ঘোষিত হয় এবং গত ২৯শে মার্চ মেসার্স হাসান এন্টারপ্রাইজ নামক একটি ঠিকাদারি প্রতিষ্ঠানের কাছে বিক্রি করা হয়। ভবনটি ভাঙার সময় কোনরূপ ক্ষতি হলে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে বলে প্রতিষ্ঠানটি অঙ্গিকারাবদ্ধ হয়।

গত কয়েকদিন ধরে ঐ প্রতিষ্ঠানটি শিববাড়ি ভাঙার কাজ শুরু করে। গতকাল ঐ একতলা ভবনটির একটি কক্ষের ছাদ ভাঙার সময় ছাদটি ধসে পড়ে এবং ছাদের ওপর থেকে কয়েকজন শ্রমিক নিচে কর্মরত শ্রমিকদের ওপর গড়িয়ে পড়ে। এতে ঘটনাস্থলেই শ্রমিক নূর মোহাম্মদ (৫০) নিহত এবং সুরুজ মিয়া (৪৫) ও মেসের আলি (৪০) সহ আরো দু'জন শ্রমিক মারাত্মক আহত হয়। ঘটনার পর ফায়ার ব্রিগেডের কর্মিরা এসে নিহত ও আহতদের উদ্ধার করে। আহতরা ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাদ ধসে পড়ার ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করেন এবং দায়ী ব্যক্তিদের সনাক্তকরণে একটি তদন্ত হবে বলে জানান।